তারিখ 17 AUG 1997
পৃষ্ঠা ... কলাম ... 7

# ১২শ' ৩৪ জন সরকারি কলেজ প্রভাষকের পদোন্নতি প্রায় চূড়ান্ত

**কাগজ প্রতিবেদক :** শিক্ষা ও সংস্কৃতি মন্ত্রী অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, ১২শ' ৩৪ জন প্রভাষকের সহকারী অধ্যাপক পদে পদোন্নতি সংক্রান্ত একটি প্রস্তাব রাষ্ট্রপতির চূড়ান্ত অনুমোদনের জন্যে পাঠানো হয়েছে। গতকাল শুক্রবার সকালে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির দ্বিতীয় জাতীয় সম্মেলনে তিনি প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করছিলেন। ঢাকা টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে দু'দিনের এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভানেত্রী অধ্যক্ষা রাশিদা বেগম। বিশেষ অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস খান। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আহমদ হোসেন, সমিতির সিনিয়র সহ-সভাপতি এম এস. আহসান উল্লাহ এবং যুগ্ম সম্পাদক আর ইউসুফ।

প্রধান অতিথির ভাষণে জনাব চৌধুরী বলেন, দুশো সহকারী অধ্যাপকের নামও পদোন্নতির তালিকাভুক্ত করা হয়েছে এবং আরো ছশো জন শিক্ষকের নাম শিগগিরই তালিকাভুক্ত করা হবে। তিনি বলেন, শিক্ষকতা পেশায় যাঁরা আসবেন, তাঁদেরকে অত্যন্ত মেধাবী হতে হবে। এর জন্যে তাঁদেরকে দিতে হবে সর্বশ্রেষ্ঠ মর্যাদা। কিন্তু অর্থনৈতিক সংকট এবং অন্যান্য সমস্যার কারণে তা সম্ভব হচ্ছে না বলে তিনি জানান। তবে উচ্চ মেধাসম্পন্ন ছাত্রদের শিক্ষকতার পেশায় আকৃষ্ট করার জন্যে সরকার শিগগিরই পদক্ষেপ নেয়ার ব্যাপারে ভাবছেন।

কেনো শিক্ষার মান দ্রুত নেমে যাচ্ছে এবং কেনো ছাত্ররা বইয়ের বদলে অস্ত্র হাতে নিচ্ছে সে সম্পর্কে শিক্ষকদের চিন্তাধারা আরো সুস্পষ্ট হওয়া প্রয়োজন বলে অধ্যাপক চৌধুরী মন্তব্য করেন। বিশেষ অতিথি প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস খান বলেন, দেশে মেধার শূন্যতা সৃষ্টির জন্যে একটি অশুভ' মহল চক্রান্ত করে শিক্ষাঙ্গনে অস্থিরতা সৃষ্টি করছে। অনুষ্ঠানে "বাংলাদেশের কলেজ শিক্ষার মান" এবং "কলেজ সরকারিকরণ-উদ্ভূত সমস্যা" শিরোনামে মূল প্রবন্ধ পড়েন মুহম্মদ রিয়াজুল ইসলাম এবং সমিতির সাধারণ সম্পাদক মোহাম্মদ নজরুল ইসলাম মজুমদার।